

## 💵 আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ২৯০

বদান্যতা, কৃপণতা ও চারিত্রিক দোষ-ক্রটি

পরিচ্ছেদঃ ১৩৮- লোকজন প্রজ্ঞা অর্জন করতে পারলে উত্তম চরিত্রে ভূষিত হয়।

## আরবী

## বাংলা

২৯০। উম্মু দারদা (রাঃ) বলেন, এক রাতে আবু দারদা (রাঃ) নামায পড়তে দাড়ালেন। তিনি কাঁদতে কাঁদতে বলতে থাকলেন, "হে আল্লাহ! তুমি আমার দৈহিক গঠন সুন্দর করেছো, আমার স্বভাব-চরিত্রও সুন্দর করে দাও"। এই অবস্থায় তিনি ভোরে উপনীত হলেন। আমি বললাম, হে আবু দারদা! কাল সারা রাত ধরে আপনার দোয়া ছিলো সুন্দর স্বভাব-চরিত্র সম্পর্কে। তিনি বলেন, হে উম্মু দারদা! মুসলিম বান্দা তার স্বভাব-চরিত্র সুন্দর করতে থাকে, শেষ পর্যন্ত সুন্দর স্বভাব-চরিত্র তাকে বেহেশতে প্রবেশ করায়। আবার সে তার স্বভাব-চরিত্র খারাপ করতে থাকে। শেষ পর্যন্ত তা তাকে দোযথে প্রবেশ করায়। মুমিন বান্দাকে তার ঘুমন্ত অবস্থায় ক্ষমা করা হয়। আমি বললাম, হে আবু দারদা! ঘুমন্ত অবস্থায় তাকে ক্ষমা করা হয় কিভাবে? তিনি বলেন, তার অপর ভাই শেষ রাতে উঠে তাহাজ্জুদ নামায পড়ে মহামহিম আল্লাহর কাছে দোয়া করে। আল্লাহ তার দোয়া কবুল করেন। সে তার অপর ভাইয়ের জন্যও দোয়া করে, আল্লাহ তার সেই দোয়াও কবুল করেন।

## **English**

Umm ad-Darda' said, "Abu'd-Darda' stood up in the night to pray. He was weeping and said, 'O Allah! You made my physical form good, so make my character good!' until morning. I said, 'Abu'd-Darda', your only supplication



for the entire night was for good character!' He replied, 'Umm ad-Darda', the Muslim makes his character good with the result that his good character takes him into the Garden. He makes his character bad with the result that his bad character takes him into the Fire. The Muslim is forgiven while he is asleep.' I asked, 'Abu'd-Darda', how can be forgiven while he is asleep?' He said, 'His brother arises in the night and performs the night prayers and makes supplication to Allah Almighty and is answered. He makes supplication for Muslim brother and his request is answered.'"

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন